



জনগণের চাহিদাতেই জ্বালানি তেলের দাম বৃদ্ধি: রিজভী



রুহুল কবির রিজভী। সংগৃহীত ছবি

সরকার জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি করেছে জনগণের চাহিদার ভিত্তিতেই—এমন মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেন, জ্বালানি তেল ও গ্যাস খাতে কোনো ধরনের সিডিকেট যেন গড়ে উঠতে না পারে, তা নিশ্চিত করা সরকারের দায়িত্ব।

সোমবার (২০ এপ্রিল) রাজধানীর নয়্যাপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন। এই আয়োজন করা হয় সাবেক বিএনপি নেতা ইলিয়াস আলীর সন্মান দাবিতে।

রিজভীর ভাষ্য, সাধারণ মানুষের চাহিদা থেকেই জ্বালানি তেলের দাম সমন্বয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি দাবি করেন, জনগণের দাবির প্রতিফলন হিসেবেই এই পদক্ষেপ এসেছে। গুমের প্রসঙ্গ টেনে তিনি বলেন, এ ধরনের ঘটনার সঙ্গে জড়িত অনেকেই এখনও দেশের ভেতরেই রয়েছে। তাদের আইনের আওতায় এনে জিজ্ঞাসাবাদ করা হলে গুম হওয়া নেতাদের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য বেরিয়ে আসতে পারে।

এছাড়া গুম সংক্রান্ত অধ্যাদেশ নিয়ে তিনি অসন্তোষ প্রকাশ করে বলেন, এতে নানা ত্রুটি রয়ে গেছে। সেগুলো সংশোধন করে আরও কার্যকর ও মানবিক আইন প্রণয়ন করা প্রয়োজন, যাতে ভবিষ্যতে এমন অমানবিক কর্মকাণ্ড আর কেউ করতে না পারে।